

**SDI**

সোসাইটি ফর ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভস্ SOCIETY FOR DEVELOPMENT INITIATIVES

Head Office : House # 2/4, Block-C, Shahjahan Road, Mohammadpur, Dhaka-1207, Bangladesh.
Phone : +88-02-441022634, 41022636, E-mail: sdi.hoffice@gmail.com, Website : www.sdi-bd.org

সূত্র নং- এসডিআই-পিআরকে/সাকুলার/২০২৩/ ৬৮০

তারিখঃ বুধবার, ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০
০৭ জুন ২০২৩

এসডিআই-এ জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

(এমআরএ সনদ নং- ০১২৩৯-০৩৩৩৬০০০১৫৪)

‘সোসাইটি ফর ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভস্ (এসডিআই)’ পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), অক্সফাম জিবি, জাপান দূতাবাস-ঢাকা, ইফাদ, বিশ্ব ব্যাংক, এআইআইবি, ইউরোপিয়ন ইউনিয়নসহ বিভিন্ন দাতা সংস্থার অর্থ সহায়তায় ১১টি জেলায় একাধিক উন্নয়ন ঋণসেবা কর্মসূচি বাস্তবায়নকারী জাতীয় পর্যায়ের সেচ্ছাসেবী সংস্থা। সংস্থার মাইক্রোক্রেডিট কর্মসূচি বাস্তবায়নের জন্য সংস্থার মাঠ পর্যায়ের চট্টগ্রাম, নোয়াখালী ও ঢাকা এলাকায় জুনিয়র অডিটর পদে জরুরী ভিত্তিতে কিছু সংখ্যক লোক নিয়োগ করা হবে।

পদের নাম ও সংখ্যাঃ জুনিয়র অডিটর। ৪ (চার) জন।

মাসিক বেতন ও সুযোগ-সুবিধাঃ ৬ মাসের শিক্ষানবীশকাল সর্বসাকুল্যে মাসিক ২৮,০০০ টাকা। এছাড়া এর অতিরিক্ত দুরূহ ভাতা, মোবাইল বিল, যাতায়াত, হার্ডশীপ ভাতা, অবস্থান ভাতা, উৎসব ভাতা, কর্ম-এলাকার বাহিরে টিএ/ডিএ সুবিধা ইত্যাদি প্রদান করা হবে। শিক্ষানবীশকাল সমাপ্ত হওয়ার পর (বেতন কাঠামো অনসারে) গ্রেড-৯ ও স্কেল- ১৫৫০০-১৫৫০০X৭-ইবি-১৭০৫X১৮-৫৭০৪০ অনুসারে উক্ত স্কেলের ১টি ইনক্রিমেন্টসহ মাসিক মোট বেতন ৩১,১০০ টাকা (বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অতিরিক্ত বেতন বিবেচনা করা হবে)। এছাড়া উপরোক্ত সুবিধা ছাড়াও সংস্থার নীতিমালা অনুসারে কন্ট্রিবিউটরী প্রফিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, স্বাস্থ্য ঝুঁকি ইত্যাদি সুবিধা থাকবে।

শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতকোত্তর - সকল পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ২.০০ অথবা ২য় শ্রেণি/বিভাগ এবং সিজিপিএ ২.২৫ অথবা ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে।

অভিজ্ঞতাঃ পিকেএসএফ-এর সহযোগী কোন এনজিও’তে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোটর সাইকেল চালানো জানতে হবে এবং কম্পিউটার স্কিল থাকতে হবে।

কাজের ধরনঃ সকল কর্মদিবস শাখা অফিসে অবস্থান করে শাখার কার্যক্রম অডিট করা। শাখার ১০০% পাশ বই ক্রস চেকসহ অন্যান্য এমআইএস এবং এফআইএস ক্রস চেক করে অডিট টর অনুযায়ী অডিট কার্যক্রম সম্পন্ন করা।

কর্মস্থল/কার্যালয়ঃ শাখা/আঞ্চলিক অফিস, চট্টগ্রাম শহর, নোয়াখালী (সুবর্ণচর), মানিকগঞ্জ, ঢাকা শহর ও ধামরাই (ঢাকা)।

বয়সঃ ০১/০৬/২০২৩ খ্রি. তারিখ অনূর্ধ্ব ৩৫ বৎসর। এসডিআই-এ কর্মরতদের বয়স সিথিলযোগ্য।

আবেদন প্রক্রিয়াঃ আগ্রহী প্রার্থীগণ আগামী ২০/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে জীবন বৃত্তান্ত, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার ফটোকপি, অন্যত্র চাকরির অভিজ্ঞতার সনদ পত্র/ছাড়পত্রের ফটোকপি, সম্প্রতি তোলা দুই কপি রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, স্থানীয় চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার কর্তৃক নাগরিকত্বের সনদ ও অন্যান্য সকল কাগজপত্র সংযুক্ত করে ‘নির্বাহী পরিচালক, সোসাইটি ফর ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভস্ (এসডিআই), বাড়ি নং- ২/৪, ব্লক-সি, শাহজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭’ বরাবরে আবেদনপত্র প্রেরণের আহ্বান করা হল। বাছাইকৃত প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য মোবাইল এসএমএস/হোয়াটস এ্যাপ ও ফোনের মাধ্যমে জানানো হবে।

শর্তাবলীঃ নিয়োগপত্র গ্রহণের আগে ৩০০/- টাকা নন-জুডিশিয়াল ষ্টাম্প ২ (দুই) জন নির্ভরযোগ্য জামিনদার হিসেবে সহি/স্বাক্ষর করবেন। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। পরীক্ষা বাতিল, তারিখ, সময় ও নির্বাচনী পরীক্ষার জন্য তালিকা চূড়ান্ত করার ক্ষমতা নিয়োগ কমিটি সংরক্ষণ করে।

সংস্থার ওয়েবসাইট, ফেসবুক ও মিডিয়ায় প্রকাশের জন্য অনুমোদিত-

সামছুল হক
নির্বাহী পরিচালক

সোসাইটি ফর ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভস্ (এসডিআই)